



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৭-১১-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মহিলা ফুটবল দলের যে সকল খেলোয়াড়গণ চলতি বছর এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে উক্ত খেলোয়াড়দের নিয়ে স্পন্সর প্রতিষ্ঠান ওয়ালটন গ্রুপ কর্তৃক অদ্য ০৭-১১-২০২০ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনের ৩য় তলার কনফারেন্স রুমে এক সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বাফুফে'র সম্মানিত সভাপতি কাজী মোঃ সালাহউদ্দিন এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ নিম্নোক্ত খেলোয়াড়দের সংবর্ধনা অনুষ্ঠানে কেক কেটে স্বাগতম জানানঃ

- ১) ঋতুপর্ণা চাকমা
- ২) সাজেদা খাতুন
- ৩) সিরাত জাহান স্বপ্না
- ৪) আনাই মগিনী
- ৫) রেহেনা খাতুন
- ৬) মাহফুজা খাতুন
- ৭) আর্শি খাতুন ও
- ৮) শামসুন্নাহার

উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাফুফে'র সম্মানিত সভাপতি কাজী মোঃ সালাহউদ্দিন। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাফুফে সহ-সভাপতি জনাব মোঃ আতাউর রহমান ভূইয়া (মানিক), ফিফা কাউন্সিল মেম্বর, বাফুফে ও এএফসি সদস্য এবং বাফুফে মহিলা ফুটবল কমিটির চেয়ারপার্সন মাহফুজা আক্তার কিরণ, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ, বাফুফে মহিলা ফুটবল কমিটির সদস্য সৈয়দ রিয়াজুল করিম, বাফুফে'র Technical Director Mr. Paul Thomas Smalley এবং স্পন্সর প্রতিষ্ঠান ওয়ালটন গ্রুপের পক্ষ এগ্রিকিউটিভ ডাইরেক্টর জনাব এফ এম ইকবাল বিন আনোয়ার ডন।

অনুষ্ঠান শেষে ওয়ালটন এর পক্ষ হতে উক্ত খেলোয়াড়দের প্রত্যেককে স্মার্ট ফোন প্রদান করা হয়।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।